

এ পারে মুখর হল কেকা ওই, ও পারে নীরব কেন কুহু হয় ।
 এক কহে, 'আর-একটি একা কই, শুভযোগে কবে হব দুঁহু হয় ॥'
 অধীর সমীর পুরবৈয়াঁ নিবিড় বিরহব্যথা বইয়া
 নিশ্বাস ফেলে মুহু মুহু হয় ॥
 আষাঢ় সজলঘন আঁধারে ভাবে বসি দুরাশার ধেয়ানে —
 'আমি কেন তিথিডোরে বাঁধা রে, ফাগুনেরে মোর পাশে কে আনে ।'
 ঋতুর দু ধারে থাকে দুজনে, মেলে না যে কাকলি ও কুজনে,
 আকাশের প্রাণ করে হুহু হয় ॥

Parjaay: Prem, Taal: 2-2, Raag: Kafi

Visit www.geetabitan.com for notation and other detail